# ফেনী পৌরসভা কার্যালয়, ফেনী।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ৪৬.৫০.৩০২৯.২৫০.০১.০০০.২৬-১০৪ তারিখ : ১৯/০২/২০২৬

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০০১.২৫ (অংশ-১)-৯০৩ নং স্মারক মোতাবেক প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে এবং স্থানীয় সরকার বিভাগের পৌর-২ শাখার স্মারক নং- পৌর-২/সাধা-১৫/২০০৩/১৮২, তারিখ : ২০০৫ খ্রি. ও পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর ৬ (৫) বিধি মোতাবেক মৃত্যু ও অবসর জনিত বা অন্য কোন কারণে পদ শূন্য হওয়ায় ফেনী পৌরসভার নিম্নবর্ণিত পদে কর্মচারী নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে স্ব-হস্তে লিখিত আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | বেতন গ্রেড | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর | ০২ (দুই) | ১৬ | ১৮-৩২ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার পরিচালনায় বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকিতে হইবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ২. | ক্যাশিয়ার/ কোষাধ্যক্ষ | ০১ (এক) | ১৪ | ১৮-৩২ বৎসর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩. | স্বাস্থ্য সহকারী | ০১ (এক) | ১৬ | ১৮-৩২ বৎসর | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ.এস.সি পাশ (বিজ্ঞান বিভাগ/ জীব বিজ্ঞানসহ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪. | আদায়কারী (বাজার) | ০১ (এক) | ১৬ | ১৮-৩২ বৎসর | স্বীকৃত শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৫. | বিল ক্লার্ক (পানি শাখা) | ০১ (এক) | ১৬ | ১৮-৩২ বৎসর | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পাশ হইতে হইবে। |
| ৬. | রোড রোলার চালক | ০১ (এক) | ১৬ | ১৮-৩২ বৎসর | ৮ম শ্রেণী পাশসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭. | ট্রাক ড্রাইভার | ০২ (দুই) | ১৫ | ১৮-৩২ বৎসর | ৮ম শ্রেণী পাশসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | বৈদ্যুতিক মিস্ত্রী | ০১ (এক) | ১৬ | ১৮-৩২ বৎসর | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কোর্সে বি-সেকশন লাইসেন্সধারী হইতে হইবে। |

৫০/

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | বেতন গ্রেড | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৯. | সুপারভাইজার (সুইপার) | ০২ (দুই) | ১৬ | ১৮-৩২ বৎসর | এইচ এস সি পাশ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০. | পাম্প চালক/ বাল্ব অপারেটর | ০১ (এক) | ১৬ | ১৮-৩২ বৎসর | ৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১. | টিকাদানকারী | ০২ (দুই) | ১৭ | ১৮-৩২ বৎসর | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক পাশ হইতে হইবে। টিকাদান কাজে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২. | ডুপ্লিকেটিং / ফটোকপি মেশিন অপারেটর | ০১ (এক) | ১৮ | ১৮-৩২ বৎসর | দশম শ্রেণী পাশ। মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩. | অফিস সহায়ক | ০৩(তিন) | ২০ | ১৮-৩২ বৎসর | অষ্টম শ্রেণী পাশ। |

শর্তাবলী:

১. আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ২২..../০২..../২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক আগামী৩০..../০৩..../২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীণ সময়ে ডাকযোগে প্রশাসক, ফেনী পৌরসভা বরাবর আবেদনপত্র পৌছাতে হবে। বিলম্বে কিংবা সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

২. আবেদনকারীকে অভিজ্ঞতার সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৩. সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং পৌরসভা প্রশাসক/ ইউনিয়ন পরিষদের প্রশাসক হতে নাগরিকত্ব সনদপত্র, ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪. আবেদনপত্রের সাথে প্রশাসক, ফেনী পৌরসভা অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে ০১ নং ক্রমিক হতে ১০ নং ক্রমিক পর্যন্ত ৩০০/- এবং ১১ নং ক্রমিক হতে ১৩ নং ক্রমিক পর্যন্ত ২০০/- (দুইশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে।

৫. বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬. একজন আবেদনকারী একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

৭. সরকারী চাকুরী বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

৮. আবেদনকারীকে খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।

৯. ত্রুটিপূর্ণ/ অসম্পন্ন স্বাক্ষরবিহীন দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

পৃ/

১১. আবেদনকারীকে পূর্ণ ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) সম্বলিত ছয় টাকার ডাক টিকেটসহ একটি ফেরৎ খাম আবেদনপত্রের সাথে দিতে হবে।

১২. সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

১৩. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯/০২/২০২৬
(মোঃ নবীনেওয়াজ)
প্রশাসক
ফেনী পৌরসভা, ফেনী।

স্মারক নং- ৪৬.৫০.৩০২৯.২৫০.০১.০০০.২৬- ১৩৩ (২৬)

তারিখ : ১৯/০২/২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. বিভাগীয় কমিশনার~~এর কার্যালয়~~, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৩. জেলা প্রশাসক, ফেনী।

৪. পুলিশ সুপার, ফেনী।

৫. প্রশাসক, সোনাগাজী/দাগনভূঁঞা/ছাগলনাইয়া/পরশুরাম পৌরসভা, ফেনী।

৬. ............................... পৌর কার্যনির্বাহী কমিটি সদস্য (সকল), ফেনী পৌরসভা, ফেনী।

৭. .................................................. বিভাগীয় প্রধান (সকল), ফেনী পৌরসভা, ফেনী।

৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, ফেনী পৌরসভা, ফেনী।

৯. সম্পাদক, দৈনিক/ সাপ্তাহিক........................................................ পত্রিকা। বিজ্ঞপ্তিটি পত্রিকার ভিতরের পাতায় আগামী / /২০২৬ খ্রি. তারিখের মধ্যে এক সংখ্যায় স্বল্প পরিসরে প্রকাশ করে বিজ্ঞাপনের বিল প্রশাসক, ফেনী পৌরসভা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০. নোটিশ বোর্ড, ফেনী পৌরসভা, ফেনী।

১১. সংশ্লিষ্ট নথি।

১৯/02/2026
প্রশাসক
ফেনী পৌরসভা, ফেনী।